

🗏 ইয়াসীন | Ya-Sin | ৯০০

আয়াতঃ ৩৬: ৫৪

💵 আরবি মূল আয়াত:

فَاليَومَ لَا تُظلَمُ نَفسٌ شَيئًا قَ لَا تُجزَونَ إِلَّا مَا كُنتُم تَعمَلُونَ ﴿٥٢﴾

🗚 অনুবাদসমূহ:

সুতরাং আজ কাউকেই কোন যুলম করা হবে না এবং তোমরা যা আমল করছিলে শুধু তারই প্রতিদান তোমাদের দেয়া হবে। — আল-বায়ান

আজ কারো প্রতি কোন যুলম করা হবে না, তোমরা যে 'আমাল করছিলে তোমাদেরকে কেবল তারই প্রতিফল দেয়া হবে। — তাইসিরুল

আজ কারও প্রতি কোন যুলম করা হবেনা এবং তোমরা যা করতে শুধু তারই প্রতিফল দেয়া হবে। — মুজিবুর রহমান So today no soul will be wronged at all, and you will not be recompensed except for what you used to do. — Sahih International

৫৪. অতঃপর আজ কারো প্রতি কোন যুলুম করা হবে না এবং তোমরা যা করতে শুধু তারই প্রতিফল দেয়া হবে।

তাফসীরে জাকারিয়া

(৫৪) এবং বলা হবে, আজ কারও প্রতি কোন জুলুম করা হবে না এবং তোমরা যা করতে কেবল তারই প্রতিফল দেওয়া হবে।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3759

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন